



রংপুর সিটি কর্পোরেশন কার্যালয়
রংপুর।

স্মারক নং : ৪৬.১৮.০০০০.৫০০.৯৯.০০১.২৬.

তারিখ :

১৪৩২ বঙ্গাব্দ
২০২৬ খ্রিস্টাব্দ

স্বল্প ব্যয়ে নির্মিত আবাসন স্কীমের ইউনিট প্রাপ্তির পুনঃ বিজ্ঞপ্তি

স্বল্প ব্যয়ে নির্মিত আবাসন স্কীমের ইউনিট প্রাপ্তির পুনঃ বিজ্ঞপ্তি

১. আমরা রংপুর মহানগরে বসবাসকারী রংপুর সিটি কর্পোরেশনের রেজিষ্টারভুক্ত/ বেতনভুক্ত সকল প্রান্তিক হতদরিদ্র/দরিদ্র জনগোষ্ঠী (পরিচ্ছন্নকর্মী, সুইপার, কাঁচুদার, হরিজন) কে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে রংপুর সিটি কর্পোরেশনে বাস্তবায়নাবীন "প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের অধীনে ৪টি ৬ষ্ঠ তলা বিশিষ্ট স্বল্প ব্যয়ে আবাসন ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় বসবাসের নিমিত্ত একটি ইউনিট প্রাপ্তির জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, যারা ইতিপূর্বে আবেদন করেছেন তাদের নামের উপর আবেদন করার প্রয়োজন নাই।

শর্তাবলী :

১. রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
২. আগামী ২৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখ থেকে ০৫/০৪/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন রংপুর সিটি কর্পোরেশনের প্রকৌশল শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে, পাশাপাশি টাউন বেনিফিসিয়ারী সিলেকশন কমিটির উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট সুবিধাভোগীদের নিকট আবেদন ফরম বিতরণ করা হবে। আগামী ০৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন একই দপ্তরে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রাদিসহ যথাযথভাবে পূর্ণকৃত আবেদন ফরম জমা প্রদান করতে হবে।
৩. আবেদন পত্রের সাথে এনআইডি কার্ড এর সত্যায়িত অনুলিপি, রংপুর সিটি কর্পোরেশনের নিয়োগপত্রের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), সিটি কর্পোরেশনের পরিষেবা / বিলের সত্যায়িত অনুলিপি, প্রকল্পের সঞ্চয় ও ঋণ কার্যক্রমের খেলাপী ঋণ নাই মর্মে সিডিসি / সিডিসি ক্লাস্টার/ সিডিসি টাউন আভ্যারেশন এর সত্যায়ন, আশ্রয়ন বা কোন প্রকল্প থেকে আবাসন সুবিধা পায়নি মর্মে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের অনুলিপি সংযুক্ত করতে হবে।
৪. প্রদত্ত তথ্যসমূহ অসত্য প্রমাণিত হলে এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৫. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন ধাপে প্রয়োজনীয় যাচাই-বাছাই অন্তে ও অনুমোদনক্রমে চূড়ান্তভাবে নির্বাচিত সুবিধাভোগীদের নামের তালিকা প্রকাশ করা হবে।
৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল বা সংশোধন করতে পারবে।

স্বাঃ

রাকিব হাসান
পরিচিতি নং- ১৭০৯৪
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃদাঃ)
রংপুর সিটি কর্পোরেশন
টেলিফোন : ০৫২১-৬৪৯৪২
ই-মেইল : ceo@rpcc.gov.bd

স্মারক নং : ৪৬.১৮.০০০০.৫০০.৯৯.০০১.২৬. ২৬৮২ (৯)

তারিখ :

২৫/০৩

১৪৩২ বঙ্গাব্দ
২০২৬ খ্রিস্টাব্দ

- ১. প্রধান কার্যালয়, রংপুর সিটি কর্পোরেশন।
- ২. কাউন্সিলর (দায়িত্বপ্রাপ্ত) (সকল), রংপুর সিটি কর্পোরেশন।
- ৩. সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
- ৪. যন্ত্রাধিকার প্রকৌশলী (অঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
- ৫. প্রকৌশলী (সকল), রংপুর সিটি কর্পোরেশন।
- ৬. প্রকৌশলী (সকল), রংপুর সিটি কর্পোরেশন।
- ৭. প্রধান কার্যালয়, রংপুর সিটি কর্পোরেশন। পুনঃ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ৮. প্রধান কার্যালয়, রংপুর সিটি কর্পোরেশন।
- ৯. প্রধান কার্যালয়, রংপুর সিটি কর্পোরেশন।

রাকিব হাসান

পরিচিতি নং- ১৭০৯৪
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃদাঃ)
রংপুর সিটি কর্পোরেশন
টেলিফোন : ০৫২১-৬৪৯৪২
ই-মেইল : ceo@rpcc.gov.bd